

## তিনটি বিদ্যালয় ভাঙচুর, প্রধান শিক্ষক লাঞ্চিত

টঙ্গী (গাজীপুর) প্রতিনিধি ●

মোটাকুর টাকার দিয়েও এসএসসি পরীক্ষা দিতে না পারায় গতকাল রোববার গাজীপুরের টঙ্গীর তিনটি শিক্ষাপ্রতিষ্ঠান ভাঙচুর করেছে শিক্ষার্থী ও অভিভাবকরা। লাঞ্চিত করেছে বোর্ড বাছার এলাকার ইউনিক এডুকেশনার স্কুলের প্রধান শিক্ষককে।

ভাঙচুর হওয়া প্রতিষ্ঠানগুলো হলো টঙ্গী মুমু টেক্সটাইল মিলস উচ্চবিদ্যালয়, জামাইবাজার এলাকার ডেফেন্ডিস স্কুল অ্যান্ড কলেজ ও মধুমিতা রোডের মেহের নিগার উচ্চবিদ্যালয়।

এর মধ্যে মেহের নিগার উচ্চবিদ্যালয়ের চারজন ও ইউনিক এডুকেশনারের একজন শিক্ষার্থীর মুমু টেক্সটাইল উচ্চবিদ্যালয় থেকে এবং ডেফেন্ডিস স্কুলের চারজন শিক্ষার্থীর ঢাকার উত্তরখান কলেজিয়েট স্কুল থেকে এসএসসি পরীক্ষা দেওয়ার কথা ছিল। তারা সবাই নির্বাচনী পরীক্ষায় অনুত্তীর্ণ হয়েছিল।

টঙ্গী মডেল থানায় কথা হয় ইউনিক এডুকেশনারের প্রধান শিক্ষক আবদুল মালেকের সঙ্গে। তিনি স্বীকার করেন ২০ হাজার টাকা নিয়েও এক ছাত্রকে পরীক্ষায় অংশ নেওয়ার ব্যবস্থা করতে পারেননি। এত টাকা নেওয়া প্রসঙ্গে তিনি বলেন, বুঝেনই তো ফেল করা ছাত্র। অন্য ছুদে ম্যানেজ করতে হয়।

ডেফেন্ডিস স্কুল অ্যান্ড কলেজের শিক্ষক হাসিনাত হোসেন বলেন, অন্য স্কুলের ফেল করা ২১ জন শিক্ষার্থীকে অর্থের বিনিময়ে ঢাকার উত্তরখান কলেজিয়েট স্কুল থেকে পরীক্ষা দেওয়ার চেষ্টা হয়েছিল। এদের মধ্যে ১৭ জনের অনুমতি পাওয়া যায়। কিন্তু বোর্ড থেকে চারজনের অনুমতি পাওয়া যায়নি।